

৮টি সরকারী স্কুলে ভর্তি-পরীক্ষা □ ভোগান্তি

সিটি রিপোর্টার : গতকাল রাজধানীতে দ্বিতীয় পর্যায়ের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে ৮টি সরকারী স্কুলে। তীব্র গীতে স্কুলে পরীক্ষার্থীরা ছিল কিছুটা আড়ষ্ট। ভর্তি পরীক্ষার প্রথম দিনে ভর্তির তীব্র প্রতিযোগিতা ছিল গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলে। এ স্কুলে অভিভাবকদের চাপ সামলাতে এবং পরীক্ষা শেষে পরীক্ষার্থীদেরকে তাদের অভিভাবকের

নিকট হস্তান্তর করতে প্রাণান্তকর প্রচেষ্টা ছিল স্কুল প্রশাসনের। অপরদিকে মতিঝিল গার্লস স্কুলের দ্বিতীয় বেলার ভর্তি পরীক্ষায় স্কুল প্রশাসনের চরম উদাসীনতার কারণে পরীক্ষার্থীদের দুর্ভোগ পোহাতে হয়েছে। মতিঝিল সরকারী বালিকা বিদ্যালয়ে ভর্তি পরীক্ষায় যাদের সিট মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে পড়েছে তাদের ২-এর পৃঃ ৬-এর কঃ দেখুন

ভাত পরীক্ষা ৮-এর পূর্বের পর

কেহে ছিল চরম উদাসীনতা। এতবড় স্কুলে সিট বুকে বের করতে পারেনি পরীক্ষার্থীরা। পরীক্ষা শুরু হওয়ার মাত্র ৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে পৌছেন পরিদর্শকগণ। পরীক্ষা শুরু হওয়ার পূর্ব পর্যন্ত পরীক্ষার্থীদের সিট বুকে বের করে দেয়ার কাজে ব্যস্ত ছিলেন ২/১ জন অভিভাবিকা। পরীক্ষা শুরুর পরেও পরীক্ষার্থীদের হল পরিবর্তন নিয়ে টানা হেঁচড়া চলে। ৮টি সরকারী স্কুলে ভর্তি পরীক্ষা চলাকালে ২/৩টি স্কুল ছাড়া অন্যান্য স্কুলের সামনে অভিভাবকদের তেমন ভীড় পরিপাকিত হয়নি।

গতকাল ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুল, মিরপুর সরকারী উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়, বিলগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারী উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, ইসলামিয়া উচ্চ বিদ্যালয় ও মোহাম্মদপুর সরকারী উচ্চ বিদ্যালয়ে। গভর্নমেন্ট ল্যাবরেটরী হাই স্কুলে ২৮৭টি আসনের জন্য পরীক্ষার্থী ছিল ৩ হাজার ২৮। স্কুল তেমে ১৫/২০ শতাংশ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি বলে জানা গেছে।

১১ জানুয়ারী সোমবার ৮ এপ্রেল ৮টি বিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে সকল বিদ্যালয়ে পরীক্ষা অনুষ্ঠিত হবে তার মধ্যে রয়েছে মতিঝিল সরকারী বালক বিদ্যালয়, নারিকা সরকারী উচ্চ বিদ্যালয়, বাংলাবাজার সরকারী বালিকা বিদ্যালয়, শেরে বাংলানগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, সরকারী বিজ্ঞান কলেজ (স্কুল শাখা), ধানমন্ডি সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় ও আরমানিটোলা সরকারী উচ্চ বিদ্যালয়।

১৩ জানুয়ারি সোমবার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ৭ এপ্রেল ৮টি সরকারী বিদ্যালয়ে। '৭' এপ্রেল বিদ্যালয়গুলো হচ্ছে- ধানমন্ডি সরকারী বালক উচ্চ বিদ্যালয়, শেরে বাংলানগর বালিকা বিদ্যালয়, কামরুন্নেসা সরকারী বালিকা বিদ্যালয় (টিকাটুলি) এবং তেজগাঁও সরকারী বালক উচ্চ বিদ্যালয়। উল্লেখ্য, গত বছরের মত এবারও পরীক্ষা গ্রহণ, খাতা দেখা, ফলাফল প্রকাশ করা হবে কেন্দ্রীয়ভাবে শিক্ষা অধিদপ্তরের তত্ত্বাবধানে। পরীক্ষার খাতা মূল্যায়িত হবে অন্য স্কুলের শিক্ষকের মাধ্যমে।